

2024
SRMUJ
M.A
3rd Semester Examination
Bengali
BNG - 302

সাহিত্যের কথান্তর, পাঠান্তর, রূপান্তর ও অনুবাদ

Full Marks: 40

Time: 2 Hours

The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর লেখো।

২x৫

ক। ‘টেকো বৌ’ গল্পটি বাংলায় কে অনুবাদ করেছেন? টেকো বৌ মুনির আশ্রম থেকে বাড়ি ফেরার পথে কী কী উপহার পেয়েছিল?
(১+৪)

খ। “আমি বিষম বিপদে পড়িলাম”—কে কখন কী বিপদে পড়েছিল তা আলোচনা করো।

গ। ‘রাজর্ষি’ উপন্যাস থেকে ‘বিসর্জন’ নাটকে রূপান্তরের ক্ষেত্রে রবীন্দ্রনাথ সময়গত যে পরিবর্তন ঘটিয়েছেন তা সংক্ষেপে আলোচনা করো।

ঘ। রাজশেখর বসু কর্তৃক অনূদিত কালিদাসের ‘মেঘদূতম্’ কাব্যের ‘পূর্বমেঘ’ অংশে প্রকৃতির বর্ণনা প্রসঙ্গে নারীদেহের উপমা ব্যবহার কতখানি সার্থক তা লেখো।

২। যে কোন তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৩x১০

ক। বাংলা রূপকথার ক্ষেত্রে নারীকথক পরম্পরার গুরুত্ব তোমাদের পাঠ্য গল্প অবলম্বনে আলোচনা করো।

খ। ‘রজনী’ উপন্যাসের পাঠান্তরে সবচেয়ে বেশি পরিবর্তিত হয়েছে অমরনাথ চরিত্রটি— উপন্যাসের শেষ সংস্করণ অনুসারে অমরনাথ চরিত্রের পরিবর্তনের দিকগুলি আলোচনা করো।

গ। ‘রাজর্ষি’ উপন্যাসে রাজা গোবিন্দমাণিক্য গুরুত্ব পেয়েছিল বেশি কিন্তু ‘বিসর্জন’ নাটকে জয়সিংহ-ই প্রধান চরিত্র হয়ে উঠেছে—মন্তব্যটি যথার্থ কিনা বিচার করো।

ঘ। ‘রাজর্ষি’ উপন্যাসে অনুপস্থিত অপর্ণা চরিত্র ‘বিসর্জন’ নাটকে আসায় নাটকের কোন্ উদ্দেশ্য সিদ্ধ হয়েছে তা লেখো।

ঙ। রাজশেখর বসু কর্তৃক অনূদিত কালিদাসের ‘মেঘদূতম্’ কাব্যের ‘পূর্বমেঘ’ অংশে শৃঙ্গার রসের বর্ণনার সঙ্গে সংঘমের যে মেলবন্ধন ঘটিয়েছেন তা বিশ্লেষণ করে দেখাও।